

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী।

তারিখ : ১৫/০৪/২০১৭ খ্রি.

**২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্ধারিত বিষয়সমূহে ভর্তি
কার্যক্রমে রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি :**

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ফেনী সরকারী কলেজে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইনে ভর্তি কার্যক্রমের রেজিস্ট্রেশন আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট www.nu.edu.bd/admission থেকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত প্রোগ্রামে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ/নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম জমা দিতে হবে।

১। আবেদনের যোগ্যতা :

- জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৩য় শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০০৪ থেকে ২০১৪ সাল পর্যন্ত ০১ বছর মেয়াদী মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

২। নির্ধারিত বিষয়সমূহ : বাংলা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান বিষয়সমূহে আবেদন করা যাবে।

৩। প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও সময়সূচী :

- মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের জন্য প্রার্থীকে ১৯/০৪/২০১৭ তারিখ বিকাল ৪.০০ টা থেকে ০২/০৫/২০১৭ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েবসাইটের মাধ্যমে ফরমপূরণ করতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েবসাইট হতে ০৪/০৫/২০১৭ তারিখের মধ্যে আবেদন ফরম, আবেদন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজ অফিসে জমা দিতে হবে।


৪। ভর্তি ফি জমাদান পদ্ধতি : ফেনী পৌর এলাকার যে কোন সোনালী ব্যাংক হতে অধ্যক্ষ, ফেনী সরকারী কলেজ এই নামে (MICR) পে-অর্ডার সংগ্রহ করে কলেজ অফিসের মাস্টার্স শাখায় জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৫। মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি : ১১৫০/- টাকা।

- এস এস সি/সমমান, এইচ এস সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
- স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
- সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/ ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;
- স্নাতক (সম্মান)/ মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
- প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় পত্র আনের প্রত্যয়নপত্র। ৫।


৬। মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) বছর। রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা যাবে না।

৭। সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল বলে গণ্য হবে।


অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী।

ফেনী সরকারী কলেজ, ফেনী।


১৫/০৪/২০১৭